মুজিবনগরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলার উদ্বোধন

“উদ্ভাবন নির্ভর বাংলাদেশ গঠনে বিজ্ঞান ও প্রযুক্তি” এই স্লোগানকে সামনে রেখে মুজিবনগরে ২ দিনব্যাপী ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকালে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ মেলার উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল। তিনি ফিতা কেটে মেলার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা।

এ সময় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দীন আল আজাদ, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স এবং সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত এ বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় মোট ১৫টি স্টল অংশগ্রহণ করে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার হাসনাইন কবির। উদ্বোধনের পর প্রধান অতিথি ও অন্যান্য অতিথিরা মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

আলোচনা সভা শেষে সারাদিনব্যাপী ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড ও ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে আন্ত:স্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

ঝিনাইদহে আন্ত:স্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়েছে। ‘স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনন্দময় কর্মকান্ডের কেন্দ্রবিন্দু’ এ শ্লোগানে এ বিজ্ঞান মেলা অুনষ্ঠিত হয়।

ঝিনাইদহ নিউ একাডেমী স্কুল মাঠে এ মেলার উদ্বোধন করেন, ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান। বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগীতায় ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র আয়োজনে এ মেলায় ঝিনাইদহ সদরের ২২টি ও হরিণাকুন্ডু উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেয়। বিভিন্ন স্টলে শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী প্রজেক্ট ও বিজ্ঞানভিত্তিক মডেল প্রদর্শন করেন।

এসব মডেলের মাধ্যমে তারা দৈনন্দিন জীবনের নানা সমস্যা সমাধানের নতুন ধারণা তুলে ধরেন। এসময় উপস্থিত ছিলেন ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর পরিচালক শরিফা খাতুন, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা লুৎফর রহমান, ঝিনাইদহ সরকারি নুরুন নাহার মহিলা কলেজের সাবেক ভাইস প্রিন্সিপাল এনএম শাহাজালাল, ঝিনাইদহ সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের বিজ্ঞানের শিক্ষক ইমরান হোসেন, নিউ একাডেমী স্কুলের প্রধান শিক্ষক বদরুজ্জামান বাদশা।

এসময় কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে ঘোড়াগাছা লাল মাধ্যমিক বিদ্যালয় প্রথম স্থান, দরীবিন্নি মাধ্যমিক বিদ্যালয় দ্বিতীয় স্থান ও শহীদ স্মৃতি বিদ্যাপীঠ তৃতীয় স্থান অধিকার করে। তাছাড়া স্টল বা প্রজেক্ট দূর্গাপুর মাধ্যমিক বিদ্যালয় প্রথম স্থান, চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয় দ্বিতীয় স্থান ও জমিলা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয় তৃতীয় স্থান অধিকার করে। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরুস্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহে দিনব্যাপী আন্ত:স্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

‘স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনন্দময় কর্মকান্ডের কেন্দ্রবিন্দু’ এ শ্লোগানে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে দিনব্যাপী আন্ত:স্কুল বিজ্ঞান মেলা।

বৃহস্পতিবার (৩০ অক্টোবর) সকালে শহরের নিউ একাডেমী স্কুল মাঠে এ মেলার উদ্বোধন করেন ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান। সেসময় জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লুৎফর রহমান, নিউ একাডেমীর প্রধান শিক্ষক বদিউজ্জামান, সুশীল সমাজের প্রতিনিধি এন এম শাহজালাল, ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র পরিচালক শরিফা খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগীতায় ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র আয়োজনে দিনব্যাপী এ মেলায় ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলার ৩২ টি শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেয়। বিভিন্ন স্টলে শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী প্রজেক্ট ও বিজ্ঞানভিত্তিক মডেল প্রদর্শন করেন। এসব মডেলের মাধ্যমে তারা দৈনন্দিন জীবনের নানা সমস্যা সমাধানের নতুন ধারণা তুলে ধরেন।

ঝিনাইদহে আন্তঃস্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

“স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনান্দময় কর্মকান্ডের কেন্দ্র বিন্দু” এই শ্লোগানকে সামনে নিয়ে ঝিনাইদহে ৪র্থ আন্তঃস্কুল বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়েছে। ওয়েলফেয়ার এফোর্টসের (উই) ঝিনাইদহ শাখার আয়োজনে ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় আজ (১৪ নভেম্বর) বৃহস্পতিবার দিনব্যাপি ঝিনাইদহ নিউএকাডেমী মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই মেলা অনুষ্ঠিত হয়।

আরো পড়ুনঃ মেহেরপুর জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদ কমিটির অনুমোদন

সরকারী নুরুনন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন,এম শাহাজালালের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কেশব চন্দ্র মহাবিদ্যালয়ের উপাধ্যক্ষ প্রফেসর মোঃ আব্দুল মতিন। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারিকেল বাড়িয়া আমেনা খাতুন কলেজের সাবেক অধ্যক্ষ আমিনুর রহামান টুকু, ওয়েলফেয়ার এফোর্টসের (উই) এর পরিচালক শরিফা খাতুন ও ঝিনাইদহ নিউ একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ বদিউজ্জামান।

আরো পড়ুনঃ আলমডাঙ্গায় যুবকের পুড়ে যাওয়া মরদেহ উদ্ধার, দুই যুবক আটক

এছাড়া উপস্থিত ছিলেন ঝিনাইদহ শিক্ষক সমিতির সভাপতি ও এম কে মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মহি উদ্দীন। ঝিনাইদহ সদর উপজেলার নির্বাচিত ২০টি ও হরিণাকুন্ডু উপজেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে এ মেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গায় দুইদিন ব্যাপি বিজ্ঞান মেলা উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর তত্ত্বাবধানে “বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি” প্রতিপাদ্য ডিসি সাহিত্য মঞ্চে দুইদিন ব্যাপি চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্কুল, কলেজের ক্ষুদে বিজ্ঞানীদের অংশগ্রহণে ২৫টি স্টলে বিজ্ঞানের বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনীর মধ্যদিয়ে আজ সকাল সাড়ে নয়টার সময় ৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুভ উদ্বোধন হয়েছে।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর

হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

৪৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুভ উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন বিজ্ঞান মেলার উদ্দেশ্য কোমলমতি শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক গড়ে তোলা এবং মানুষের মাঝে বিজ্ঞানের কল্যাণ-অকল্যান সম্পর্কে ধারণা দেওয়া। পরিশেষে, স্মার্ট বাংলাদেশ বিনির্মানে শিক্ষার্থী খুদে বিজ্ঞানীরাই ভবিষ্যতের কাণ্ডারী হিসেবে এ দায়িত্ব পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন তারা।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা। এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা উপজেলা প্রশাসনের কর্মকর্তা সহ বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা।

কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

শিক্ষার্থীদের স্মার্ট ফোনের আসক্তি থেকে দূরে রেখে বিজ্ঞান মনোস্ক হিসেবে গড়ে তুলতে কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা।

আজ বিকেলে বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে এ বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা সমাপনি হয়।

মেলার সমাপনিতে সপ্তম শ্রেণীর ক শাখার সিমন্তী ইকবালের নেতৃত্বে সুপার সেভেন দল বিজ্ঞান মেলায় দ্বিতীয় স্থান অধিকার করে।

পরিবেশ সুরক্ষা পরিকল্পিত নগরায়ন ও চতুর্থ শিল্প বিপ্লব শীর্ষক

বিজ্ঞান মেলায় তার দল উপস্থাপন করেছে পরিবেশ সুরক্ষায় নবায়নযোগ্য শক্তি নিয়ে।

সিমন্তী ইকবাল জানান, নবায়ন যোগ্য শক্তি ব্যবহারে পরিবেশের কোন ক্ষতি হয় না। আমাদের দেশের এমনকিছু পিছিয়ে পড়া এলাকা আছে সেখানে বিদ্যুৎ এখনো পৌঁছায়নি। যেখানে বিশুদ্ধ পানিরও ব্যাপক অভাব রয়েছে। সেই সব এলাকায় আমরা প্রাকৃতিক পরিবেশ নষ্ট না করে নবায়ন যোগ্য শক্তি উৎপাদন করে তাদেরকে সুন্দর সুস্থ্য একটা জীবন দিতে পারি। আমাদের প্রজেক্টের নবায়নযোগ্য শক্তির মধ্যে দেখানো হয়েছে সোলার পাওয়ার, উইন্ড মিল, পানি বিদ্যুৎ এবং ব্যায়োগ্যাস উৎপাদন দেখানো হয়েছে।

সিমন্তী ইকবালের নেতৃত্বে আরও শিক্ষার্থী ফাতেমা হাসান মুগ্ধ, মহিম ইসলাম তুষ্পা, আফিয়া মাইরা অন্তু, মিথিলা ফারজানা খুশবু, আয়েশা সিদ্দিকা, জান্নাতুল মাওয়া প্রমুখ।

পরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক এর সভাপতিত্বে ও সিনিয়র সহকারী শিক্ষক নাদিরা খানম এর পরিচালনায় প্রধান অতিথির বক্তব্যে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আল মামুন তালুকদার বলেন, ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ এবং ৪র্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে ভবিষ্যৎ প্রজন্মদের গড়ে তুলতে এই ধরণের বিজ্ঞান মেলা সময়োযোগী এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আর এই ধরণের উদ্যোগ ভবিষ্যতেও নেওয়ার আহবানও জানান তিনি।

সভাপতির বক্তব্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক বলেন, এসব উদ্ভাবনের সাথে পরিচিতি করা এবং এলাকার কোমলমতি শিক্ষার্থীদের বিজ্ঞান মনোস্ক করার লক্ষেই এমন বিজ্ঞান মেলার আয়োজন করা হয়েছে।

ঝিনাইদহে আন্ত:স্কুল বিজ্ঞান

মেলা অনুষ্ঠিত

‘স্কুল হোক বিজ্ঞান শিক্ষার আনন্দময় কর্মকান্ডের কেন্দ্রবিন্দু’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে আন্ত:স্কুল বিজ্ঞান মেলা।

উদ্ভাবন ও বিজ্ঞানের প্রতি শিক্ষার্থীদের মনোযোগ আকৃষ্ট করতে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে দিনব্যাপী এ মেলার আয়োজন করে ওয়েলফেয়ার এফোর্টস (উই) নামের একটি সংগঠন। সকালে ফিতা কেটে এ মেলার উদ্বোধন করা হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রবিউল ইসলাম, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুশান্ত কুমার দেব প্রমূখ। অনুষ্ঠান পরিচালন করেন ওয়েলফেয়ার এফোর্টস(উই) এর পরিচালক শরিফা খাতুন। আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

দিনব্যাপী এ আয়োজনে ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলার ৩০ টি মাদ্রাসা ও মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাবের সদস্যরা তাদের নিজেদের চিন্তা ও গবেষণায় তৈরি প্রজেক্ট প্রদর্শণ, দেয়ালিকা ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহন করে মেলাকে উৎসব মূখর ও প্রাণবন্ত করে রাখে।

মেপ্র/ইএম

মেহেরপুরে দুই দিন ব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি

সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শেষ

মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শেষ হয়েছে।

সোমবার দুপরে পুরস্কার বিতরণের মাধ্যমে মেলা শেষ হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ মাসুদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান মমিনুল ইসলাম। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিনয় কুমার চাকী, একাডেমিক সুপারভাইজার আনোয়ার হোসেন প্রমূখ।

পরে মেলার স্টল, বিতর্ক প্রতিযোগিতা এবং অলিম্পিয়াডে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। মেলায় স্টলে সিনিয়র গ্রুপে প্রথম স্থান অধিকার করেছে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, দ্বিতীয় স্থান অধিকার করেছে মেহেরপুর সরকারি কলেজ ও তৃতীয় স্থান অধিকার করেছেন ছহিউদ্দিন ডিগ্রি কলেজ ।

জুনিয়র গ্রুপে প্রথম স্থান অধিকার করেছে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করেছে জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ এবং তৃতীয় স্থান অধিকার করেছে মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়।

বিতর্কে সিনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি মহিলা কলেজ, রানার্সআপ মেহেরপুর সরকারি কলেজ।

সিনিয়র গ্রুপের শ্রেষ্ঠ বক্তা হয়েছে মেহেরপুর সরকারি মহিলা কলেজের এরিনা আজিজ জেসী এবং জুনিয়র গ্রুপ বিতর্ক প্রতিযোগিতায় প্রথম হয়েছে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রানার্স আপ হয়েছে এ এল এম জিয়াউল হক ফ্রেন্ডস ফাউন্ডেশন।

অলিম্পিয়াড জুনিয়র গ্রুপে প্রথম হয়েছে সরকারি উচ্চ বিদ্যালয়ের শামস বিন শহীদ, একই বিদ্যালয়ের দ্বিতীয় স্থান অধিকার করেছেন সাফি, এবং তৃতীয় স্থান অধিকার করেছেন জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ এর ফারহান।

□□□□□/□□□